দৈনিক বাং...
ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ 0 . FEB 1989
পৃষ্ঠা 7 কলাম 5

# ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান ও ৪০ জন শিক্ষক পুরস্কৃত

জাতীয় শিক্ষা সপ্তাহ ৮৯ গত বুধবার ঢাকায় সমাপ্ত হয়েছে। এ সপ্তাহ উদযাপন উপলক্ষে দেশের শ্রেষ্ঠ শিক্ষা-প্রতিষ্ঠান এবং শ্রেষ্ঠ স্কুল কলেজ ও মাদ্রাসা শিক্ষকদেরকে স্বীকৃতি সূচক পুরস্কার প্রদান করা হয়। এ উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে বিশ্ব বিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ডঃ এম এ বারীকে সভাপতি করে একটি কমিটি গঠিত হয়। কমিটি বিভাগীয় কমিশনারদের নিকট থেকে প্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষকদের প্রয়োজনীয় তথ্যাবলী পর্যালোচনা করে ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক বিদ্যালয়-১৪, কলেজ ৫, মাদ্রাসা-৫) এবং ৪০ জন শিক্ষককে (মাধ্যমিক শিক্ষক-১৪ কলেজ শিক্ষক-১৩, মাদ্রাসা শিক্ষক-১৩) পুরস্কার প্রদান করে। গতকাল বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে এক মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার প্রদান করা হয়।

যেসব শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদেরকে পুরস্কার প্রদান করা হয়েছে তার তালিকা নিম্নে দেয়া হলোঃ

**শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান**

ঢাকা মেট্রোপলিটন এলাকাঃ সরকারী বেগম বদরুন নিসা মহিলা কলেজ, ঢাকা, আইডিয়েল হাই স্কুল, মতিঝিল, ঢাকা, ভিকারুন নিসা নূন স্কুল, নিউ বেইলী রোড, ঢাকা, এবং মদিনাতুল ইলমুই বালিকা সিনিয়র মাদ্রাসা, তেজগাঁও ঢাকা।

ঢাকা বিভাগঃ মুমিনুন নিসা সরকারী মহিলা কলেজ, ময়মনসিংহ মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়ে, ময়মনসিংহ, আঞ্জুমান আদর্শ সরকারী উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা, ফরিদপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ফরিদপুর, এবং কুমরাদী দারুল উলুম সিনিয়র মাদ্রাসা নরসিংদী।

চট্টগ্রাম বিভাগঃ সিলেট সরকারী মহিলা কলেজ, সিলেট, চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম, মতলবগঞ্জ জেবি পাইলট উচ্চ বিদ্যালয় চাঁদপুর এবং সরকারী আলীয়া মাদ্রাসা, সিলেট এবং বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয়, চট্টগ্রাম।

রাজশাহী বিভাগঃ কারমাইকেল কলেজ, রংপুর, গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, রাজশাহী নীলফামারী সরকারী উচ্চ বিদ্যালয়, নীলফামারী রংপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর, এবং মশিন্দা শিকারপাড়া সিনিয়র মাদ্রাসা, নাটোর।

খুলনা বিভাগঃ আজমখান সরকারী বাণিজ্য মহাবিদ্যালয় খুলনা, আলমডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয় চুয়াডাঙ্গা ঝিকরগাছা এম এল পাইলট উচ্চ বিদ্যালয়, যশোর, পটুয়াখালী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, পটুয়াখালী, এবং আসানাবাদ রাশেদিয়া আলীয়া মাদ্রাসা, চর মোনাই, বরিশাল।

**শ্রেষ্ঠ শিক্ষক**

ঢাকা মেট্রোপলিটন এলাকাঃ সৈয়দা শামসে আরা হোসেন, অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ঢাকা, মিসেস হোসনে আরা শাহেদ, অধ্যক্ষ, শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়, ঢাকা মিসেস আয়েশা আমীন, প্রধান শিক্ষিকা, বনানী বিদ্যা নিকেতন, বনানী, ঢাকা, মহিউদ্দিন আহমদ প্রধান শিক্ষক, আরমানীটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা, এবং মুহম্মদ আবু তাহের, অধ্যক্ষ, কাদেরিয়া তৈয়্যেবিয়া আলীয়া মাদ্রাসা, মোহাম্মদপুর, ঢাকা।

ঢাকা বিভাগঃ এম হোসেন আলী, অধ্যক্ষ, সরকারী আশেক মাহমুদ কলেজ, জামালপুর, আলী আহমদ, সহযোগী অধ্যাপক (রাষ্ট্র বিজ্ঞান), সরকারী দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ, বেগম হাসনা আরা হাই, প্রধান শিক্ষিকা, কিশোরগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়, কিশোরগঞ্জ, মুহাম্মদ হোসেন উদ্দিন, প্রধান শিক্ষক, বরংগাইল গোপাল চন্দ্র উচ্চ বিদ্যালয়, শিবালয়, মানিকগঞ্জ এ টি এম জালাল উদ্দীন খান, সহকারী প্রধান শিক্ষক, রাণী বিলাসমনি সরকারী উচ্চ বিদ্যালয়, জয়দেবপুর, গাজীপুর, মুহম্মদ ফায়জুল্লাহ, উপাধ্যক্ষ, জামেয়া-ই-কাসেমীয়া, আদর্শ ইসলামী বিদ্যাপিঠ, গাবতলী নরসিংদী এ বি এম আবদুল কুদ্দুছ, অধ্যক্ষ, দেওয়ানগঞ্জ আলীয়া মাদ্রাসা জামালপুর এবং মুহম্মদ আবদুল হামিদ মোল্লা, অধ্যক্ষ, গোপালগঞ্জ এস এস আলীয়া মাদ্রাসা গোপালগঞ্জ।

চট্টগ্রাম বিভাগঃ ডক্টর মোহাম্মদ আবদুল কাদের, অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা, ডক্টর ফজলুল করিম চৌধুরী, অধ্যক্ষ, সিলেট সরকারী কলেজ, সিলেট মোসাম্মৎ সেলিমা বেগম, অধ্যক্ষ, চট্টগ্রাম সরকারী মহিলা কলেজ, চট্টগ্রাম, জসীম উদ্দীন খান, প্রধান শিক্ষক, রওশন আরা জলিল বালিকা বিদ্যায়তন, ব্রাহ্মণবাড়িয়া, কাজী ফজলুল হক, প্রধান শিক্ষক, হাজীগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়, চাঁদপুর, মুহাম্মদ আবদুল খালেক, সহকারী শিক্ষক লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারী উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর: মুহম্মদ সায়িদ আহমদ, অধ্যক্ষ, শাহাতলী আলীয়া মাদ্রাসা, চাঁদপুর, আবদুল মালেক, অধ্যক্ষ, কারামতিয়া আলীয়া মাদ্রাসা, নোয়াখালী এবং আ ন ম শামস-উল-আলম চৌধুরী, অধ্যক্ষ, রাহমানিয়া আলমশাহপাড়া আলীয়া মাদ্রাসা, চট্টগ্রাম।

রাজশাহী বিভাগঃ মোঃ মোসলেম আলী, অধ্যক্ষ, নিউ গভর্ণমেন্ট ডিগ্রী কলেজ, রাজশাহী, মোঃ বসির উদ্দীন সরদার, অধ্যক্ষ নওগাঁ সরকারী কলেজ, নওগাঁ, মিসেস সুলতানা আজরা সহকারী অধ্যাপিকা (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), রাজশাহী কলেজ, রাজশাহী, রাখাল চন্দ্র দাস, প্রধান শিক্ষক, মোহনপুর সরকারী উচ্চ বিদ্যালয়, রাজশাহী, এ আর এম আলতাফ হোসেন, সহকারী শিক্ষক, নওগাঁ কে ডি সরকারী উচ্চ বিদ্যালয়, নওগাঁ, মিসেস মর্জিনা হক, প্রধান শিক্ষিকা, নবাবগঞ্জ সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, নবাবগঞ্জ, মুহম্মদ মাজেদুর রহমান, অধ্যক্ষ, দারুস সালাম আলীয়া মাদ্রাসা, রাজশাহী, মোঃ ওসমান গণি, সহকারী অধ্যাপক (বাংলা) হাজী আহমদ আলী আলীয়া মাদ্রাসা, সিরাজগঞ্জ, এবং মুহম্মদ আবদুস সোবহান, অধ্যক্ষ মুলাটোল মদিনাতুল উলুম আলীয়া মাদ্রাসা, রংপুর।

খুলনা বিভাগঃ মুহম্মদ হানিফ, অধ্যক্ষ বি এম কলেজ, বরিশালঃ মুহম্মদ নাজমুল হক, অধ্যক্ষ, বি এল কলেজ খুলনা, ডক্টর এস এম আবুবকর, সহযোগী অধ্যাপক, আজমখান সরকারী বাণিজ্য মহাবিদ্যালয়, খুলনা, মোঃ আবদুর রাজ্জাক, প্রধান শিক্ষক, গাংনী মাধ্যমিক বিদ্যালয়, গাংনী, মেহেরপুর এ এইচ এম আবদুল হাকিম, প্রধান শিক্ষক, ঝালকাঠি সরকারী উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি, আবুল কাসেম, প্রধান শিক্ষক, বরগুনা সরকারী উচ্চ বিদ্যালয়, বরগুনা, মোঃ সালেহ, অধ্যক্ষ খুলনা আলীয়া মাদ্রাসা, খুলনা, এ কে এম আবদুল হক নোমানী, অধ্যক্ষ করুনা মোকামিয়া আলীয়া মাদ্রাসা, বরগুনা: এবং মোঃ মোসলেম উদ্দীন, অধ্যক্ষ, দশমিনা ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, পটুয়াখালী।